দৈনিক ইনকিলাব

তারিখ ... 11 NOV 1990 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... [illegible] ...

# শিক্ষাঙ্গন

## কারমাইকেল বিশ্ববিদ্যালয় কালেজের কথা

রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ উত্তরবঙ্গ তথা বাংলাদেশের শ্রেষ্ঠ বিদ্যাপীঠগুলোর অন্যতম। রংপুরবাসীর স্বপ্ন বাস্তবায়নে তৎকালীন বৃটিশ সরকার ১৯১৬ সালে কলেজটি প্রতিষ্ঠিতা করেন। দেশ বিভাগের পূর্বে পশ্চিমবঙ্গ, আসাম ও উড়িষ্যা থেকে তখন ছাত্র-ছাত্রীরা কলেজে পড়াশুনা করতে আসত। প্রায় নয়শ' বিঘা জমির উপর প্রতিষ্ঠিত কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের সুবিশাল সবুজ ঘেরা, শান্ত-স্নিগ্ধ ও মনোরম পরিবেশ সবাইকে মুগ্ধ করে। কালক্রমে পূর্ণাঙ্গ আবাসিক বিশ্ববিদ্যালয় করার পরিকল্পনা নিয়ে এ কলেজের ভিত্তিপ্রস্তর করা হয়। তখন এমনও প্রতিশ্রুতি দেয়া হয়েছিলঃ বাংলাদেশে কোন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হলে তা রংপুর কারমাইকেল কলেজকেই করা হবে। নির্মিত রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রংপুরে করার কথা ছিল। কিন্তু পরে বিভিন্ন অজুহাতে তা হয়ে উঠেনি। স্বাধীনতার পূর্বে এবং পরে বিভিন্ন ক্ষমতাসীন সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন রংপুরে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেন। বর্তমান প্রেসিডেন্ট, যিনি নিজেও তাঁর শিক্ষাজীবনের চারটি বছর প্রসিদ্ধ কারমাইকেল কলেজে পড়াশুনা করেছেন, এ কলেজকে পূর্ণাঙ্গ আবাসিক বিশ্ববিদ্যালয় করার জন্য দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

সম্প্রতি দেশে পাঁচটি বিশ্ববিদ্যালয় কলেজের মান-উন্নয়নের ব্যবস্থা নেয়া হয়েছে। এর মধ্যে কারমাইকেল কলেজ অন্যতম।

বর্তমানে এ বিশ্ববিদ্যালয় কলেজে আবাসিক সংকট খুবই তীব্র। এখানে চৌদ্দটি বিষয়ে অনার্স এবং কয়েকটি বিষয়ে মাস্টার্স ডিগ্রীতে প্রায় আট হাজার ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। কিন্তু একটি মহিলা হোস্টেলসহ চারটি ছাত্রাবাস ছাত্র-ছাত্রীদের প্রয়োজনের তুলনায় খুবই অল্প। ছাত্র-ছাত্রীদের যাতায়াতের জন্য মাত্র তিনটি বাস রয়েছে যা প্রয়োজনের তুলনায় অতি অল্প। যাতায়াতের সুবিধার্থে আরো বাসের ব্যবস্থা করা প্রয়োজন। মহামান্য প্রেসিডেন্ট দু'বছর পূর্বে কলেজ অডিটরিয়ামের ভিত্তিপ্রস্তর করেন। কিন্তু আজো অডিটরিয়ামের নির্মাণ কাজ শুরু করা সম্ভব হয়নি। রংপুর শহরকে সোডিয়াম লাইটে আলোকিত এবং রাস্তাঘাট আধুনিকীকরণ করা হলেও কলেজ ক্যাম্পাসের রাস্তাগুলো সংস্কার করা হয়নি। সোডিয়াম লাইট রংপুর মেডিকেল কলেজ থেকে শুরু করে ক্যাডেট কলেজ এবং বেগম রোকেয়া কলেজ পর্যন্ত বিস্তৃত করা হলেও কারমাইকেল কলেজ ক্যাম্পাসের লাইটগুলো (সোডিয়াম নয়) প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। আমরা আশা করি, কর্তৃপক্ষ কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের সার্বিক সমস্যার সমাধানে আন্তরিকভাবে এগিয়ে আসবেন।

– মোঃ আবদুল হামিদ খান